


## Book review - Neel Bytha by Atish Dey



### নীল ব্যথা

লেখক

রাই মোহিনী (সংযুক্তা পাল)

প্রচ্ছদ

ধীমান পাল

আলোচক : অতীশ দে

প্রেম ও মৃত্যু দুজনেরই গল্প বলে নীল। যেহেতু আমরা সকলেই অমৃতের সন্তান; আনন্দ থেকেই আমাদের উৎপত্তি, তাই সং চিৎ আনন্দের আধারকে নীল ব্যাথা উৎসর্গ করাই স্বাভাবিক। কবিমন যা বলতে চাইছে পাঠক তার সবটুকু নির্যাস গণ্ডুষে পান করবে এটা ভাবা বাঞ্ছনীয় নয়। এতে বরং কবির কবিত্ব হারিয়ে যায়। আমার কাছে পান্না সবুজ আর চুনি রান্ধাও হতে পারে। বনলতা বারবনিতাও হতে পারে, আবার আমার একান্ত প্রেমিকাও। আপনার প্রথম কবিতায় ‘গনগনে লাল শলাকায় নিজের মাংস ঝলসে উঠবে

নক্ষত্রহীন অমাবস্যায়’ জীবনানন্দের ‘শিকার’-কে মনে পড়িয়ে দেয়।  
 দ্বিতীয় ... ‘কতটা আসক্তি নষ্ট করতে পারে নারীর জীবন’ এই প্রশ্নের উত্তর কি আপনি নিজে খুঁজে পেয়েছেন? জিজ্ঞাসা থাকলো ?  
 দশ ... ‘বর্ষা একটা বন্ধন মাত্র বসন্ত পরকীয়া’... অসম্ভব ভালো লেগেছে লাইনটি।  
 উনিশ ... রাইমোহিনীর ‘রাইকমল’ কে নিয়ে প্রশ্ন থেকেই গেল ? যেভাবে সূচেনা, শ্যামলী, সুরঞ্জনা, নীরা, অংশুলেখা আজও নিরুত্তর।  
 ত্রিশ ... আমাদের কল্পনায় ঈশ্বর ও তো মানুষ তাই চরিত্র তিনিও বদলাতে পারেন।  
 কুড়ি ... ‘আমার রুমাল অপবিদ্র হয়েছে দেখে গজলের পরিবর্তে বেজে উঠলো মীরার ভজন’... অনেককিছু ভাবায়।

কিছু শব্দের খেলা অস্বাভাবিক ভালো কিন্তু কিছু শব্দ যেমন ‘পদ্ম’ বহুবার এসেছে, এই শব্দটাকে কবিমনের দুর্বলতা ধরে নিলাম।  
 নীলের অর্থ সীমাহীন। শিব যদি নীল পান করে নীলকণ্ঠ হন, আকাশ যদি নীল হতে পারে, সমুদ্র যদি নীল হয় তাহলে ব্যথা নীল হবে নাই বা কেন।  
 যেহেতু বৈপরীত্যই জীবন, তাই ভালোবাসার রং ও নীল।